# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 22-10-2025** **Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবরঃ-

১) দেশ জুড়ে ভোটার তালিকায় 'বিশেষ নিবিড় সংশোধনী' বা SIR সংক্রান্ত বিজ্ঞপ্তি জারির আগে নির্বাচন কমিশন, দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে আজ দুদিনের বৈঠকে বসছে।

২) ভুয়ো সংশাপত্র দিয়ে অবৈধ অনুপ্রবেশকারীদের নাগরিকত্বের সুযোগ পাইয়ে দেওয়ার জন্য রাজ্য সরকারের বিরুদ্ধে সরব হয়েছে বিজেপি।

৩) রাজ্যের দমকল দফতর, অগ্নিনির্বাপণ ব্যবস্থাকে আধুনিক ও কার্যকর করতে এক সার্বিক পরিকল্পনার উদ্যোগ নিয়েছে।

৪) সোশ্যাল মিডিয়ায় গুজব ছড়ানোর অভিযোগে ১ হাজারেরও বেশি ভুয়ো অ্যাকাউন্ট বন্ধ করেছে মুর্শিদাবাদ জেলা প্রশাসন।

৫) আগামীকাল ভ্রাতৃদ্বিতীয়া। এর আগে আজ প্রতিপদ তিথিতেও আয়োজন করা হচ্ছে ভাইফোঁটার। আবহাওয়া রৌদ্রোকরোজ্জ্বল থাকবে বলেও পূর্বাভাষ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooooooo

দেশ জুড়ে ভোটার তালিকায় ‘বিশেষ নিবিড় সংশোধনী’ বা SIR সংক্রান্ত বিজ্ঞপ্তি জারির আগে নির্বাচন কমিশন, দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে বৈঠকে বসছে। আজ ও আগামীকাল দিল্লির দ্বারকার ‘ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট’-IIIDEM-এ অনুষ্ঠিত হবে মুখ্য নির্বাচনী আধিকারিকদের দুদিনের এই সম্মেলন। বিকেল তিনটে নাগাদ সম্মলন শুরু হওয়ার কথা। ওই বৈঠকে সব মুখ্য নির্বাচনী আধিকারিকদের উপস্থিতি বাধ্যতামূলক করা হয়েছে। ভোটার তালিকা সংশোধনের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত বা যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিক এবং রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের মিডিয়া সমন্বয়কারীকেও বৈঠকে থাকতে হবে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে পাঠানো এক চিঠিতে নির্বাচন কমিশন বলেছে, সম্মেলনে উপস্থিত প্রতিনিধিদের সঙ্গে বিশদ আলোচনা করে বিশেষ নিবিড় সংশোধনী অভিযানকে আরও কার্যকর ও স্বচ্ছ করার জন্য রূপরেখা তৈরি হবে। পাশাপাশি রাজ্যগুলির মধ্যে সেরা কার্যপদ্ধতির বিনিময় ও ভোটার তালিকা প্রস্তুতিতে প্রযুক্তিনির্ভর উদ্যোগ নিয়েও আলাপ-আলোচনা চলবে।

উল্লেখ্য, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী অভিযানের প্রস্তুতি শেষ পর্যায়ে বলে কমিশন জানিয়েছে।

oooooooooooooooooooooooooooo

ভুয়ো সংশাপত্র দিয়ে অবৈধ অনুপ্রবেশকারীদের নাগরিকত্বের সুযোগ পাইয়ে দেওয়ার জন্য রাজ্য সরকারের বিরুদ্ধে সরব হয়েছে বিজেপি। বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য গতকাল সমাজ মাধ্যমের এক বার্তায় বলেন, বিদেশীরা ভূয়ো সংশাপত্রের মাধ্যমে ভারতীয় নাগরিকত্বের নথি পাচ্ছে। এটা শুধু আইনভঙ্গ নয়, দেশের সার্বভৌমত্বের জন্য সরাসরি আশঙ্কারও।

২০২৭ সালে  জনগণনার জন্য অন্যান্য রাজ্য ইতিমধ্যেই তাদের কার্যক্রম শুরু করলেও পশ্চিমবঙ্গ একমাত্র যেখানে এখনও এব্যাপারে বিজ্ঞপ্তি জারি হয়নি। অপর এক বার্তায় তিনি বলেছেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক ২০২৪ সালের ডিসেম্বরের মধ্যে রাজ্যগুলিকে প্রশাসনিক সীমানা চূড়ান্ত করতে বলেছিল। এক্ষেত্রেও তৃণমূল কংগ্রেস সরকার যে গতিতে এগোচ্ছে, তা সাধারণ মানুষের স্বার্থকে উপেক্ষা করার সামিল। ভোটে রাজনৈতিক সুবিধা পেতেই ইচ্ছেকৃতভাবে এই বিলম্ব করা হচ্ছে বলেও অভিযোগ করেন শ্রী ভট্টাচার্য। তিনি বলেন, এরফলে নাগরিকদের অধিকার, সরকারী পরিষেবা ও স্বচ্ছ জনগণনা ঝুঁকির মুখে পড়েছে।

সীমান্তবর্তী জেলাগুলি ছাড়াও রাজ্যের সর্বত্র, বাংলাদেশী ভোটাররা ভিড় জমিয়েছেন বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

( বাইট- শুভেন্দু )

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

'অমৃত প্রকল্প'-এর আওতায় রাজ্যজুড়ে নগরোন্নয়ন খাতে প্রায় সাড়ে ৬০০ কোটি টাকার একগুচ্ছ প্রকল্প হাতে নিতে চলেছে সরকার। ওই প্রকল্পের অধীনে কেন্দ্র সম্প্রতি ২৫০ কোটি টাকা বরাদ্দ করেছে, যা দিয়ে শহরাঞ্চলের প্রতিটি পরিবারে পরিশোধিত পানীয় জল সরবরাহের ব্যবস্থা আরও প্রসারিত করা হবে। নিকাশি ব্যবস্থার আধুনিকীকরণ, রাস্তা মেরামত, ড্রেন সংস্কার, দূষণ নিয়ন্ত্রণে একাধিক পদক্ষেপ নেওয়ার পাশাপাশি শহরাঞ্চলে সবুজায়ন বাড়াতে নতুন পার্ক গড়ে তোলা ও পুরনো পার্কগুলির সংস্কারের কাজও হবে এই প্রকল্পের অর্থে।
রাজ্যের পুর ও নগরোন্নয়ন দপ্তর ইতিমধ্যেই অর্থ বরাদ্দের নির্দেশপত্র পেয়েছে এবং আগামী ডিসেম্বরের মধ্যেই তা' কাজে লাগানো হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের দমকল দফতর, অগ্নিনির্বাপণ ব্যবস্থাকে আধুনিক ও কার্যকর করতে এক সর্বাঙ্গীন মাস্টার প্ল্যান হাতে নিয়েছে। সাম্প্রতিককালে রাজ্যে একাধিক অগ্নিকাণ্ডে প্রাণহানির পর এই পরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। দ্রুত ঘটনাস্থলে পৌঁছনো এবং ঘনবসতিপূর্ণ এলাকায় তৎপরতার সঙ্গে অগ্নিনির্বাপণই এই উদ্যোগের মূল লক্ষ্য। দফতর সূত্রে জানা গিয়েছে, দুর্ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই ফায়ার ইঞ্জিন যাতে দ্রুত পৌঁছতে পারে, সেই জন্য অ্যাম্বুল্যান্স পরিষেবার আদলে 'গ্রিন করিডর' চালুর প্রস্তাব চূড়ান্ত হয়েছে। একইসঙ্গে নির্দিষ্ট নম্বর চালু করে পুলিশের ধাঁচে একটি 'ইন্টিগ্রেটেড কন্ট্রোল রুম' স্থাপন করার পরিকল্পনাও নেওয়া হচ্ছে। ওই কন্ট্রোল রুম থেকে রাজ্যের যে কোনও অংশে জরুরি ভিত্তিতে নির্দেশ পাঠানো সম্ভব হবে। প্রযুক্তি নির্ভর এই মাস্টার প্ল্যানের ড্রোন ব্যবহারের ভাবনাও অন্তর্ভুক্ত রয়েছে। বিশেষত ঘিঞ্জি ও সরু গলির এলাকায় যেখানে বড় গাড়ি ঢোকানো কঠিন, সেখানে ড্রোনের মাধ্যমে আগুনের উৎস চিহ্নিত করা, উদ্ধারকাজে সহায়তা করা এবং পাইপ সংযুক্ত করে জল পৌঁছে দেওয়ার প্রক্রিয়া চালুর পরিকল্পনা চলছে।

এর পাশাপাশি রাজ্যের বিভিন্ন জেলায় আরও ২৫টি নতুন দমকলকেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্তও হয়েছে। দুই ২৪ পরগণা, হাওড়া, হুগলি, বীরভূম, জলপাইগুড়ি এবং দার্জিলিং–সহ একাধিক জেলায় ঘনবসতিপূর্ণ ও বাণিজ্যিক এলাকায় এই নতুন কেন্দ্রগুলি তৈরি করা হবে। সরু গলিতে পৌঁছনোর সুবিধার জন্য ছোট ফায়ার ভেহিকল ও মোটরবাইকও কেনা হচ্ছে।

oooooooooooooooooooooooooooo

কালীপুজোর রাতে বিভিন্ন জেলা থেকে আগুন লাগার খবর এসেছে। পশ্চিম মেদিনীপুরের কেশিয়াড়ি থানার খাজরা-২ গ্রাম পঞ্চায়েতের বড়চাটি এলাকায় বাজির ফুলকি থেকে গোটা বাড়িতে আগুন ধরে যায়। খড়ের চাল হওয়ায় দ্রুত তা ছড়িয়ে পড়ে। ঘন্টা দুয়েকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে।

মুর্শিদাবাদের ধুলিয়ানে একটি কাপড়ের দোকানে বাজি থেকে আগুন লাগে। দোকানের মালিক জানান, ঘটনার সময় বিদ্যুতের মেইন সুইচ বন্ধ থাকায় বিপত্তি খানিকটা এড়ানো গেছে। দ্রুত দমকল এসে আগুন নেভায়। তবে প্রচুর ক্ষয়ক্ষতি হয়েছে।

এদিকে, হুগলি জেলায় জিটি রোড সংলগ্ন কোন্নগর গ্যাস অফিসের ছাদে সোমবার গভীর রাতে আগুন লাগে। আগুন নেভাতে দমকলের দু'টি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছয়। ঘন্টাখানেকের চেষ্টায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়।

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের ভিরিঙ্গি মোড়ে বিএসএনএলের অফিসের সার্ভার রুমে গতকাল সকালে আগুন লাগে। সার্ভার রুমের এসি থেকে ধোঁয়া বেরোতে দেখে খবর দেওয়া হয় দমকলে। আগুনে সার্ভার রুমটি ভস্মীভূত হয়ে গিয়েছে। ক্ষয় ক্ষতির পরিমাণ জানা যায়নি। শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে বলে দমকলের প্রাথমিক অনুমান

oooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ,২৬ শে অক্টোবর , আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সোশ্যাল মিডিয়ায় গুজব ছড়ানোর অভিযোগে ১ হাজারের বেশী ভুয়ো অ্যাকাউন্ট বন্ধ করল মুর্শিদাবাদ জেলা প্রশাসন। ফেসবুক, ইনস্টাগ্রাম, ইউটিউব ও এক্স-এ সাম্প্রদায়িক উত্তেজনা সৃষ্টিকারী পোস্ট ও ভিডিও ছড়িয়ে পড়ায় জেলা পুলিশ ও সাইবার সেল যৌথভাবে তদন্তে নেমে ১১ হাজারের বেশী বিকৃত এবং ধর্মীয় ভাবে বিদ্বেষ মূলক পোস্ট ডিলিট করে। জানা গেছে, বহু অ্যাকাউন্ট বিদেশ ও অন্য রাজ্য থেকে পরিচালনার পাশাপাশি কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ব্যবহার করে স্থানীয়দের মুখ বসিয়ে ভুয়ো বক্তব্য প্রচার করা হচ্ছিল। এই ঘটনায় জড়িতে থাকার অভিযোগে এখন পর্যন্ত ৪৮৬ জনকে চিহ্নিত করে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। যাচাই না করে কোনো পোস্ট বা ভিডিও শেয়ার না করতে সকলকে সতর্ক করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহার পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য এর বিরুদ্ধে মহিলা ও শিশুদের মারধরের অভিযোগে চাঞ্চল্য ছড়িয়েছে। কালীপুজোর রাতে কোচবিহার এস পি র বাংলো সংলগ্ন রেলঘুমটি এলাকায় বাজি পোড়ানোর সময় পুলিশ সুপার, মহিলা ও শিশুদের লাঠি নিয়ে মারধর করেন বলে অভিযোগ। যদিও পুলিশ সুপারের দাবী, রাত একটার সময় বাজি পোড়াতে নিষেধ করছিলেন কিন্তু মারধরের কথা অস্বীকার করেন তিনি। প্রতিবাদে গতকাল এলাকাবাসীরা পথ অবরোধ করেন। পরে পুলিশ এসে অবরোধ তুলে দেয়। কয়েকজন বাসিন্দাকে আটক করা হয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার মহেশতলায় প্রতিবেশী যুবককে পিটিয়ে খুনের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গতরাতে গোপালপুর মালিপাড়ায় বছর ৩৫-এর বরুণ মন্ডলের সঙ্গে

প্রতিবেশী চিরঞ্জিৎ মিত্রের বচসা বাধে। সেসময় বরুণ নেশাগ্রস্ত ছিল বলে জানা গেছে। ক্রমেই বচসা থেকে তা হাতাহাতিতে জড়ায়। চিরঞ্জিৎ ও তার ভাই শুভঙ্কর –দুজনে মিলে বরুণকে বেধড়ক মারধোর করে বলে অভিযোগ। গুরুতর আহত অবস্থায় বরুণকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। এরপরই এলাকায় উত্তেজনা ছড়ায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে নামাতে হয় RAF । মোতায়েন করা হয় বিরাট পুলিশ বাহিনী। চিরঞ্জিত ও শুভঙ্করকে গ্রেফতার করেছে পুলিশ।

ooooooooooooooooooooooooooo

আগামীকাল ভ্রাতৃদ্বিতীয়া। ভাইদের মঙ্গলকামনায় এবং সুস্বাস্থ্য ও সমৃদ্ধির লক্ষে বোনেরা ভাই-এর কপালে ফোঁটা দেবেন। এর আগে আজ প্রতিপদ তিথিতেও কোথাও কোথাও ফোঁটা দেওয়ার রীতি রয়েছে। সন্ধ্যায় আয়োজন করা হবে ভাইফোঁটার

এদিকে, বাজারে শাকসব্জি বা মাছ – মাংসের দাম চড়া হলেও সাধ্যমতো জোগাড় করছেন বোনেরা। বিভিন্ন মিষ্টির দোকানে সকাল থেকেই ভীড়। মিষ্টি প্রস্তুত কারকরাও ভাইফোঁটা উপলক্ষে অনবদ্য ও সুস্বাদু এবং ভিন্ন ধরনের মিষ্টি প্রস্তুত করেছেন। ফোঁটার পাশাপাশি চলবে উপহার বিনিময়ের পালা।

ooooooooooooooooooooooooooo

কালীপুজোর পর, ভাইফোঁটাতেও রৌদ্রজ্জ্বল আবহাওয়া পেতে চলেছে রাজ্যবাসী। আগামী তিনদিন রাজ্যের প্রায় সব জেলাই শুষ্ক থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে সপ্তাহান্তে থাকছে বৃষ্টির পূর্বাভাস। বাতাসে জলীয় বাষ্প প্রবেশ করার ফলে উপকূলীয় জেলাগুলিতে বিশেষ করে দুই ২৪ পরগণা এবং দুই মেদিনীপুর জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। উত্তরবঙ্গেও বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

( বাইট- হাবিবুর )

oooooooooooooooooooooooooooooo

কলকাতার বন্দর এলাকা থেকে পুলিশ আগ্নেয়াস্ত্র সহ এক দুষ্কৃতিকে গ্রেফতার করেছে। গোপনসূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে পুলিশ গত সন্ধ্যায় একবালপুর থানার এম এম আলি রোডের একটি ফ্ল্যাট থেকে মহম্মদ সাহাবাজ নামে ওই দুষ্কৃতিকে গ্রেফতার করে। উদ্ধার হয়েছে চারটি দেশী সিঙ্গেল শর্টার একটি নাইন এম এম পিস্তলে বহু কার্তুজ ও ধারালো অস্ত্রশস্ত্র । ধৃতকে আজ আদালতে তোলা হবে।

oooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo